



State Assembly Election- Reaction

Date: 3rd May 2021

MEDIA DOSSIER

PRINT MEDIA: SANGBAD PRATIDIN, ANANDABAZAR PATRIKA



শুভেচ্ছা তৃণমূল কংগ্রেসকে

পাশে থাকার বার্তা দিল বণিকসভাগুলি

স্টাফ রিপোর্টার: পাঁচ বছর পর ফের সংখ্যাগরিষ্ঠতা নিয়ে রাজ্যে জয়যুক্ত তৃণমূল কংগ্রেস। গণনা শেষে জয়ী সরকারের পাশে থাকার বার্তা দিল রাজ্যের একাধিক বণিকসভা। এদিন মার্চেন্টস চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি আকাশ শাহ বলেন, “এই সংকটকালে তৃতীয়বার ঐতিহাসিক জয়ের জন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে আন্তরিকতার সঙ্গে শুভেচ্ছা জানাচ্ছে এমসিসিআই। চেম্বারের পূর্ণ আস্থা রয়েছে যে তাঁর কর্মতৎপর এবং গতিশীল নেতৃত্ব মানুষের আশা ও প্রত্যাশা পূরণ করে রাজ্যকে সংস্কার এবং বিকাশের নতুন যুগের সূচনা করবে। আমরা তাঁর সমস্ত উন্নয়নের প্রচেষ্টার জন্য আমাদের সর্বাত্মক সহযোগিতা এবং সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ। বিশেষত, বাণিজ্য ও শিল্প সম্পর্কিত প্রচেষ্টাগুলির ক্ষেত্রে। চেম্বার বিশ্বাস করে যে মমতা বন্দ্যোপাধ্যায় কোভিড পরিস্থিতি নিয়ন্ত্রণে সব রকম ব্যবস্থা নেবেন।” দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি দেব মুখোপাধ্যায় এদিন এক বিবৃতিতে বলেন, “অতিমারীর নিষ্ঠুর ও মর্মান্তিক দ্বিতীয় ঢেউয়ে মাঝে এটি একটি নজিরবিহীন নির্বাচনী ভেটোআধিকার ছিল। এই কঠিন সময়ে বেঙ্গল চেম্বার নতুন সরকারের সঙ্গী হয়ে পাশে থাকবে। আমাদের আশা, বাংলার মানুষ

ও অর্থনীতি দৃঢ়ভাবে এগিয়ে যাবে। কর্মসংস্থান এবং ব্যবসার উপর যথাসাধ্য কম প্রভাব ফেলে অতিমারীর মোকাবিলা করা। পূর্ব এবং দক্ষিণ পূর্ব এশীয় এবং এশিয়া মহাসাগরীয় অঞ্চলগুলিতে ব্যবসার ভ্যালু চেনগুলির সঙ্গে একাত্ম হওয়ার দিকে এগিয়ে যাওয়ার মতো জাতীয় অগ্রাধিকারগুলির সঙ্গে ভাল মিলিয়ে কাজ করা। সহায়ক ব্যবসায়ের বাস্তবসংস্থানের আবহাওয়া তৈরি করা, বিশেষত এমএসএমই ব্যবসার ক্ষেত্রে। নতুন সরকারে কাছে আমরা এগুলিই আশা করি এবং এই সব করার ক্ষেত্রে চেম্বার সরকারের সঙ্গী হয়ে পাশে থাকবে।”

শিক্ষামহলও তৃণমূল সরকারের প্রত্যাবর্তনকে স্বাগত জানিয়েছে। রবিবার ভোটের ফল ঘোষণার পর অ্যাসোসিয়েশন অফ প্রফেশনাল অ্যাকাডেমিক ইনস্টিটিউশন-এর সভাপতি এবং জেআইএস গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর সর্দার তরণজিৎ সিং বলেন, “বাংলা মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আবার তৃণমূল সরকার গঠনের যে জনরায় দিয়েছে তাতে আমরা অত্যন্ত খুশি। শিক্ষাক্ষেত্রে বিভিন্ন কাজ করতে গিয়ে আগেও আমরা এই সরকারের সাহায্য পেয়েছি। আগামী দিনেও পাব। এই আশা রাখি।” আরও অনেক সংস্থা ও সংগঠন তৃণমূলের জয়ে অভিনন্দন জানিয়েছে।

তৃণমূলকে স্বাগত জানিয়ে বার্তা শিল্পের, সহযোগিতার আশ্বাস

নিজস্ব সংবাদদাতা

প্রথম থাকার ক্ষত শুকোনোর আগেই দ্বিতীয় বার কামড় বসিয়েছে করোনা। এমন পরিস্থিতিতে রাজ্যে তৃতীয়বারের জন্য ক্ষমতায় ফিরছে তৃণমূল কংগ্রেস। রবিবার মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের এই জয়কে স্বাগত জানিয়ে আর্থিক উন্নয়নে সব রকম সাহায্যের আশ্বাস দিল বণিকসভাগুলি। সেই সঙ্গে বার্তা, সংক্রমণ আটকানোর পরিকল্পনায় শিল্প ও কর্মসংস্থান যাতে যতটা সম্ভব কম ক্ষতিগ্রস্ত হয় সেটা লক্ষ্য রাখুক সরকার। আর্থিক বৃদ্ধির চাকায় গতি আনতে দীর্ঘমেয়াদি পরিকল্পনা করা হোক। কোমর বেঁধে নামা হোক রাজ্যে বড় শিল্পের লগ্নি টানতে।

সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞদের দাবি, শিল্প ও লগ্নিকারীকে সব সময়ই স্বস্তি দেয় স্থায়ী এবং মজবুত সরকার। কারণ, তাতে সরকারি স্তরে মতানৈক্যের আশঙ্কা কমে। কম থাকে বিনিয়োগের ঝুঁকি। লম্বা মেয়াদে সেই বিনিয়োগের কৌশল তৈরিও সহজ হয়। পশ্চিমবঙ্গে সিআইআইয়ের চেয়ারম্যান পীযুষ গুপ্ত রাজ্যে লগ্নি এবং কাজ তৈরির জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনার পক্ষে সওয়াল করেছেন। বণিকসভাটির ভাইস চেয়ারম্যান শুভাষেন্দু চট্টোপাধ্যায়ের আশা, রাজ্যে দ্রুত আর্থিক সংস্কারের অভিমুখ স্থির করবে জয়ী তৃণমূল কংগ্রেসের সরকার। তাঁর দাবি, অতিমারিজনিত সঙ্কট কাটাতে পরিকাঠামো উন্নয়ন এবং সরকারি পরিষেবা জোগানে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে জোর দেওয়া জরুরি।

আর এক বণিকসভা ভারত
চেয়ারের প্রেসিডেন্ট রমেশ

কুমার সারাওগির কথায়, “টানা তিনটি নির্বাচনে রাজ্যবাসী মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজনৈতিক নেতৃত্বেই ভরসা রেখেছেন। এই দফায় প্রতিবেশী দেশগুলিতে লগ্নি ও বাণিজ্যের সুযোগ এবং পরিধি বাড়ানো হোক। ক্ষুদ্র-ছোট-মাঝারি শিল্পের পাশাপাশি বাড়তি গুরুত্ব পাক বড় শিল্পও।”

পাশাপাশি বেঙ্গল চেম্বারের প্রেসিডেন্ট দেব এ মুখোপাধ্যায়ের আশা, বর্তমান পরিস্থিতিতে রাজ্যে নিশ্চয়ই এমন পরিকল্পনা করবে যা কাজ-কারবার এবং কর্মসংস্থানে ন্যূনতম প্রভাব ফেলবে। ছোট-মাঝারি শিল্পের জন্য আরও লগ্নি সহায়ক পরিবেশের সওয়ালও করেন তিনি। বলেন, পূর্ব ও দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে যোগসূত্র বাড়াতে জাতীয় স্তরে যে পদক্ষেপ হচ্ছে, তার সঙ্গে যেন সামঞ্জস্য রেখে এগোয় রাজ্য। মমতা বন্দ্যোপাধ্যায়কে অভিনন্দন জানিয়ে মার্চেন্ট চেম্বারের প্রেসিডেন্ট আকাশ শাহ রাজ্যে নতুন সংস্কার এবং বৃদ্ধির পথ দেখার আশা প্রকাশ করেছেন।



কলকাতা ১৯ বৈশাখ ১৪২৮ সোমবার ৩ মে ২০২১ শব্দ সংস্করণ ৫ টাক

বর্তমানের গণতন্ত্র